

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
প্রশাসন-১ অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারকনং-৫১.০১.০০০০.০০৩.১৮.৫৫২.১৯. ৫০৫

তারিখঃ ২৬.০৯.২০২১ খ্রি.


অফিস আদেশ  
বিভাগীয় মামলা নং- ২০/২০২১

যেহেতু, জনাব মোঃ ইব্রাহীম খলিল, টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ (সাবেক পিআইও বন্দর, নারায়নগঞ্জ) এর বিরুদ্ধে তিনি নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলায় কর্মকালীন সময়ে ২০১৯-২০২০ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির ২য় পর্যায়ে নির্বাচনী এলাকা ভিত্তিক ননসোলার খাতে বরাদ্দকৃত ৪৯,৫৭,৬৬৬.৬৬ (উনপঞ্চাশ লক্ষ সাতান্ন হাজার ছয়শত ছিয়াষটি টাকা ছিয়াষটি) টাকা অনুভোলিত থাকে; এবং

যেহেতু, এ সংক্রান্ত গঠিত তদন্ত কমিটির সরেজমিন তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জেলা কার্যালয় হতে ১৭.০৬.২০২০ খ্রি. তারিখে অনুমোদন পাওয়ার পরেও তিনি নির্ধারিত তারিখের মধ্যে ৪৯,৫৭,৬৬৬.৬৬ (উনপঞ্চাশ লক্ষ সাতান্ন হাজার ছয়শত ছিয়াষটি টাকা ছিয়াষটি) টাকার বিল প্রস্তুত করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিল না করার কারণে বিলের টাকা অনুভোলিত থাকে, যা সংশ্লিষ্ট অর্থ বছর শেষ হওয়ায় ল্যাপস হয়ে যায়, ফলে কাজিক্ত প্রয়োজন মেটানো সম্ভব হয় না। এ কারণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ০৩(খ) ধারায় কর্তব্য কর্মে অবহেলা ও দায়িত্বহীনতার অভিযোগে অসদাচরণের দায়ে তাঁর বিরুদ্ধে ২০/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করে গত ১২.০৮.২০২১ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮. ৫৫২.১১.৫৫২ নং স্মারকে অভিযোগনামা গঠন করে অভিযোগ বিবরণীসহ প্রেরণ করা হয়। তিনি গত ১৮.০৮.২০২১ তারিখে অভিযোগনামার জবাব দাখিল করে আত্মপক্ষ সমর্থনের জন্য ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। গত ১৫.০৯.২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে জুন/২০২০ সনে কোভিডজনিত কারণে আইসোলেশনে থাকায় হিসাব রক্ষণ কর্মকর্তা বরাবর বিল দাখিল করতে পারেন নি বলে তিনি উল্লেখ করে এবং ভবিষ্যতে সতর্ক থাকবেন অঙ্গীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন।

যেহেতু, প্রাসঙ্গিক কাগজপত্র, অভিযুক্ত পিআইও এবং রাষ্ট্রপক্ষের জবাব আনুষাঙ্গিক কাগজপত্র কোভিড মহামারীসহ সার্বিক পেক্ষাপট পর্যালোচনা করে নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলার ২০১৯-২০২০ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির ২য় পর্যায়ে নির্বাচনী এলাকা ভিত্তিক ননসোলার খাতে বরাদ্দকৃত টাকার বিল প্রস্তুত করে যথাসময়ে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিল না করার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) এর (ক) মতে অপেক্ষাকৃত লঘুদণ্ড হিসেবে “তিরস্কার” দণ্ডে দণ্ডিত করে ২০/২০২১ নং বিভাগীয় মামলাটি নিষ্পত্তির আদেশ দেয়া করা হয়েছে।

সেহেতু, প্রাসঙ্গিক কাগজপত্র, অভিযুক্ত পিআইও এবং রাষ্ট্রপক্ষের জবাব আনুষাঙ্গিককাগজপত্র কোভিড মহামারীসহ সার্বিক পেক্ষাপট পর্যালোচনা করে নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলার ২০১৯-২০২০ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির ২য় পর্যায়ে নির্বাচনী এলাকা ভিত্তিক ননসোলার খাতে বরাদ্দকৃত টাকার বিল প্রস্তুত করে যথাসময়ে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিল না করার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) এর (ক) মতে অপেক্ষাকৃত লঘুদণ্ড হিসেবে “তিরস্কার” দণ্ডে দণ্ডিত করে ২০/২০২১ নং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

  
২৬.০৯.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)

(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-১)


ফোন-৯৮৬১৩৬০

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.৫৫২.১২- ৫০৫

তারিখঃ ২৬.০৯.২০২১খ্রি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলাপ্রশাসক, গোপালগঞ্জ/ নারায়নগঞ্জ।
- ০৪। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিবাড়ী, গোপালগঞ্জ/বন্দর, নারায়নগঞ্জ।
- ০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ/ নারায়নগঞ্জ।
- ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গোপালগঞ্জ/ নারায়নগঞ্জ।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, টুঙ্গিবাড়ী, গোপালগঞ্জ/বন্দর, নারায়নগঞ্জ।
- ১১। জনাব মোঃ ইব্রাহীম খলিল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিবাড়ী, গোপালগঞ্জ (সাবেক বন্দর, নারায়নগঞ্জ)।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।



(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)

(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-১)

ফোন-৯৮৬১৩৬০

